গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা।

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪)-২০ তারিখ: ২৬/০১/২০২৪

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জানুয়ারি, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

ডিসেম্বর, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা ০৯/০১/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১.০০টায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাওয়ারী অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম শাখা:**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামান্যচিত্র ও এর সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিসেম্বর, ২০২৩ মাসে ডিজিটাল ফরমেটে ০৯টি চলচ্চিত্র ও ০৪টি তথ্যচিত্র/প্রামান্যচিত্র/সংবাদচিত্র সংগ্রহ করা হয়েছে। | সংগ্রহ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, ফিল্ম অফিসার |
| ২। | ফিল্ম মিউজিয়ামের জন্য দ্রব্যাদি সংগ্রহ | ক) ডিসেম্বর, ২০২৩ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য প্রামাণ্যচিত্র নির্মাতা জনাব কাওসার চৌধুরীর থেকে ৩টি এবং বিশিষ্ট সাংবাদিক, ফটোগ্রাফার মিশুক মুনীরের ব্যবহৃত জিনিসপত্র ৩০টিসহ মোট ৩৩টি আইটেম সংগ্রহ করা হয়েছে। এছাড়া, চলচ্চিত্র সংসদ আন্দোলন কর্মী জনাব মাহবুব আলমের ছেলে জনাব ইফতেখারুল আলম এর থেকে ৪৩৮টি বই ও অন্যান্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে।<br><br>খ) মিউজিয়ামে রক্ষিত ব্যক্তিগত ব্যবহার্য দ্রব্যাদির গায়ে বাংলায় নাম/বিবরণের পাশাপাশি ইংরেজী নাম/বিবরণ ব্যবহার করার কাজটি সম্পন্ন হয়েছে। | ক) সংগ্রহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে।<br><br>খ) কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | পরিচালক, সহকারি পরিচালক (অপা:), ফিল্ম অফিসার |
| ৩। | পুরাতন ফিল্ম (৩৫ মি.মি.) সংরক্ষণের উদ্যোগ | ফিল্ম ভল্টে সংরক্ষিত দ্রুত নষ্ট হয়ে যেতে পারে এমন চলচ্চিত্রের তালিকা তৈরী করা হয়েছে। তালিকা অনুযায়ী জরুরী ভিত্তিতে স্ক্যান করে স্টোরেজের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। প্রয়োজনীয় স্টোরেজ সংগ্রহের জন্য কার্যক্রম সম্পন্ন করতে হবে। | স্টোরেজ সংগ্রহের কাজ দ্রুত শেষ করে সংরক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক, সহকারি পরিচালক (অপা:), ফিল্ম অফিসার |
| ৪। | খারাপ ফিল্মের তালিকা | দ্রুত খারাপ বা পুরোপুরি নষ্ট হয়ে যাওয়া ফিল্মের তালিকা তৈরী করে বিশষজ্ঞ কমিটির নিকট উপস্থাপন করা রয়েছে। পুরোপুরি নষ্ট হয়ে যাওয়া ফিল্ম বিষয়ে সভায় আলোচনা হয়। | পুরোপুরি নষ্ট হয়ে যাওয়া ফিল্ম বিনষ্ট করার ক্ষেত্রে ডিএফপি, এফডিসি অথবা অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে কমিটি গঠন করে তাদের হতে প্রাপ্ত মতামত নিয়ে পরবর্তী বিশেষজ্ঞ কমিটির সভায় উপস্থাপন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | পরিচালক, সহকারি পরিচালক (অপা:), ফিল্ম অফিসার |

**(খ) লাইব্রেরি শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | গবেষণা | (ক) ২০২৩-২৪ অর্থবছরের জন্য অনুমোদিত ১০টি গবেষণা কর্মের গবেষকদের নিয়ে ১০টি বিষয়ভিত্তিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।<br><br>(খ) জার্নাল প্রকাশের জন্য প্রাপ্ত লেখাসমূহের মূল্যায়নকারীদের নির্দেশনা মোতাবেক লেখক সংশোধনকৃত কপি দপ্তরে প্রেরণ করেছেন।<br><br>(গ) গবেষণা প্রস্তাবনা ২০২৪-২৫ অর্থবছরে প্রাপ্ত ৩১টি গবেষণা প্রস্তাবনা মূল্যায়নকারীর জন্য বিশেষজ্ঞ কমিটির সম্মানিত সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে। | (ক) সেমিনারে অংশগ্রহণকারীদের পরামর্শ অনুযায়ী গবেষকদের তৈরীকৃত গবেষণাপত্র বিশেষজ্ঞ কমিটির সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) লেখকদের প্রেরণকৃত কপি নিয়ে সম্পাদনা পরিষদের সভা আহ্বান করতে হবে।<br><br>(গ) প্রাপ্ত প্রস্তাবনাসমূহের মূল্যায়ন পাওয়া গেলে এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক, সহকারী পরিচালক (অপা:), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান |
| ৬। | পুস্তক ও জার্নাল মুদ্রণ | ২০২৩-২৪ অর্থবছরে মুদ্রণের জন্য ০৫টি গ্রন্থ ও ০১টি জার্নালের ইজিপি সম্পন্ন হয়েছে। | ০৫টি গ্রন্থ ও ০১টি জার্নাল মুদ্রণের বিষয়ে ইজিপি কমিটির মূল্যায়ন শেষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। | পরিচালক, স্টোর অফিসার, সহ: লাইব্রেরিয়ান |

(গ) হিসাব শাখা ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | বাজেট বাস্তবায়ন | ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৮ কোটি ৯৬ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থবছরের ডিসেম্বর, ২০২৩ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ২ কোটি ৭৭ লক্ষ ৩৪ হাজার ৫৭৪ টাকা। যা মূল বাজেটের ৩০.৯৫%। | নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, উপপরিচালক, সহ: পরিচালক (অপা:), হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৮। | অভ্যন্তরীন পরিষেবা থেকে আয় | ২০২৩-২৪ অর্থবছরের ডিসেম্বর, ২০২৩ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৩,৮২,৭০৭/- টাকা আয় হয়েছে। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, সহ: পরিচালক (অপা:), হিসাবরক্ষণ কর্মকর্তা |

(ঘ) রক্ষণাবেক্ষণ শাখা ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি গণপূর্ত অধিদপ্তরের Maintenance Bookএ অন্তর্ভুক্তকরণ | শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২ এর নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী মহোদয় ১১ ডিসেম্বর ২০২৩ তারিখে ফিল্ম আর্কাইভ ভবন পরিদর্শন করেন। গণপূর্ত বরাদ্দকৃত বাজেট ও দপ্তরের প্রয়োজনীয় মেরামত কাজের অগ্রাধিকার ভিত্তিতে লিফটের পীটের পানি চুইয়ে আসা বন্ধ করার জন্য ট্রীটমেন্টের কাজ প্রথমে সম্পন্ন করবে। এছাড়া, ইলেকট্রোমেকানিক্যাল সংশ্লিষ্ট কাজের জন্য গণপূর্ত ই/এম বিভাগ-৭ এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ভবনের সিভিল কার্যক্রমের জন্য শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২ এবং ইলেক্ট্রো-মেকানিক্যাল সংশ্লিষ্ট কাজের জন্য গণপূর্ত ই/এম বিভাগ-৭ এর সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জন্য বাজেট বরাদ্দের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, সহকারী পরিচালক (মেইনটেন্যান্স), এসএই-৪ |

(ঙ) অপারেশন শাখাঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় জানানো হয়েছে। ডিসেম্বর, ২০২৩ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (আমার বউ ও রঙ বদলায়) এবং ০৬টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক, সহকারী পরিচালক (অপারেশন), এসএই-১ |
| ১১। | ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহ | বিভিন্ন উৎস হতে ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহের কাজ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। ডিসেম্বর, ২০২৩ মাসে ১৫টি চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র/তথ্যচিত্র সংগ্রহ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। | সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহঃ পরিচালক (অপা:), এসএই-৩ |
| ১২। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | পরিচালক, উপপরিচালক, এসএই-২ |

(চ) প্রশাসন শাখা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | নতুন সৃজিত ৪৯টি পদ অন্তর্ভূক্ত করে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিয়োগবিধি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয়ের সভার স্বাক্ষরিত কার্যবিবরণী পাওয়ার পর আনুষাঙ্গিক কাগজপত্রসহ নিয়োগবিধি ও সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ সংক্রান্ত দলিলাদি প্রস্তুতির কার্যক্রম প্রায় সম্পন্ন হয়েছে। | এ সংক্রান্ত কার্যক্রম দ্রুত শেষ করতে হবে এবং মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক, প্রশাসনিক কর্মকর্তা |
| ১৪। | বিভাগীয়/ কোর্ট মামলা সিভিল আপিল নম্বর-১৯-২০/২০১৫ (লিভ টু আপিল মামলা বিএফএ-২১৩৭/২০১৩ এবং ২১৩৮/২০১২ হতে উদ্ভূত) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বনাম মো. নজরুল ইসলাম অবসরপ্রাপ্ত লাইব্রেরী সহকারী। | প্রাক্তন লাইব্রেরি সহকারি জনাব মোঃ নজরুল ইসলাম বিশ্বাসকে বাধ্যতামূলক অবসর প্রদান করায় উদ্ভুত মামলাটির উদ্ভব হয়েছে। উক্ত মামলা দু'টির চূড়ান্ত শুনানী ০১/০৮/২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে। মামলা দুটির রায়ের কপি ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে এবং প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ০১/০৮/২৩ তারিখে মামলার রায় ঘোষিত হয়। এবং উক্ত রায়ে সরকার পক্ষ জয়ী হয়েছে। | পরিচালক, সহঃ পরিচালক (মেইনটেন্যান্স) |
| ১৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/ শুদ্ধাচার/ইনোভেশন/ অভিযোগ প্রতিকার/তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন | APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। ডিসেম্বর, ২০২৩ মাস পর্যন্ত APA-র অগ্রগতি ৫৭.৯৩% বলে সভাকে অবহিত করা হয়। এছাড়া, শুদ্ধাচার, ইনোভেশন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতি মাসের ৫ তারিখের মধ্যে APA প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। লক্ষমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, উপপরিচালক, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১৭। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত ধারাবাহিকতায় ডিসেম্বর, ২০২৩ মাসে বাংলাদেশ | ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, সকল শাখার প্রধান, এসএই-২, |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮। | ঝুঁকি ভাতা চালু | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম ভল্টে বিভিন্ন ধরণের ফিল্ম সংরক্ষণ করা হচ্ছে। এর মধ্যে নষ্ট ও ঝুঁকিপূর্ণ এবং ক্ষতিকারক কেমিক্যালযুক্ত চলচ্চিত্রও রয়েছে। ফলে ভল্টের সাথে সংশ্লিষ্ট ও এ সকল চলচ্চিত্রের সংস্পর্শে কাজ করা কর্মকর্তা-কর্মচারীগণ চরম স্বাস্থ্যঝুঁকিতে থাকেন। তাদের জন্য ঝুঁকিভাতা চালু করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় ঝুঁকি ভাতা চালুর জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | দ্রুত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক, সহকারি পরিচালক (অপাঃ), প্রশাসনিক কর্মকতা, হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১৯। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছতা সাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছতা সাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছতা সাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালুর বিষয়ে ইজিপি প্রক্রিয়ার মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় জানানো হয়। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ নিশ্চিত করতে হবে। ০৫টি বৈদ্যুতিক সাবমিটার চালুর বিষয়ে দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক, উপপরিচালক, দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |

**(ছ) প্রকল্প বাস্তবায়ন :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ৬২ কোটি ৬৭ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় সম্বলিত "দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি" শিরোনামে একটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে। ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের জন্য ১১.২৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং উক্ত বরাদ্দ থেকে ৫.৬১ কোটি টাকা অবমুক্ত করা হয়। তন্মধ্যে ডিসেম্বর/২৩ মাস পর্যন্ত মোট ব্যয় ১ কোটি ৬৭ লক্ষ ৯৫ হাজার টাকা। যা মোট বরাদ্দের ১৫%। প্রকল্পের আওতায় ৩৯টি জেলার ২০৭ জন বীর মুক্তিযোদ্ধার ওপর ডকুমেন্টারী তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে British Pathe হতে ১৫৬টি, যুক্তরাষ্ট্রের Getty Images হতে ৭৪টি এবং নেদারল্যান্ডসের RedOrange হতে ৭৫ টি ফুটেজ সংগ্রহ করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় ০১টি নন লিনিয়ার এডিটিং প্যানেল ক্রয়ের জন্য প্রাপ্ত দরপত্র আহ্বান মূল্যায়নের কাজ চলমান। | বীর মুক্তিযোদ্ধার ওপর ডকুমেন্টারী তৈরীর কাজ যথাসময়ে শেষ করতে হবে এবং ফুটেজ সংগ্রহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯।০১।২৪
(মো. কামরুজ্জামান)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ৪১০২৪৬৩৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। উপপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। সহকারী পরিচালক (মেইনটেন্যান্স/অপারেশন), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। অফিস নথি।